# পশ্চিমবঙ্গ সরকার

## শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

## বাদুড়িয়া সুসংহত শিশুবিকাশ প্রকল্প

গ্রাম + পোঃ - আঁধারমানিক, থানা - বাদুড়িয়া, জেলা - উঃ ২৪ পরগণা, পিন নং - ৭৪৩৪০১

**E-mail address - baduriacdpo@gmail.com**

স্মারক সংখ্যা-- ১৩৯/আই. সি. ডি./বাদু

তারিখ- ১১/০৬/২০১৮

বাদুড়িয়া সুসংহত শিশুবিকাশ প্রকল্পের অঙ্গনওয়ারী কেন্দ্রগুলির জন্য কিছু সংখ্যক অঙ্গণওয়াড়ী সহায়িকা পদের নিয়োগেরজন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবা মূলক এবং অস্থায়ী । এই কাজে নিযুক্ত অঙ্গনওয়াড়ী সহায়িকা কখনই সরকারী কর্মী রূপে গন্য হইবে না।

## অঙ্গনওয়াড়ী সহায়িকা

০১ | সংরক্ষন নীতি অনুসারে শূন্যপদ

### শূণ্যপদ

| ক্রমিক নং | গ্রাম পঞ্চায়েত | তপশিলী জাতি | তপশিলী উপজাতি | ও. বি. সি.- এ | ও. বি. সি.-বি | প্রতিবন্ধী | সাধারণ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | চন্ডীপুর | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| ২ | আটুরিয়া | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ২ |
| ৩ | সায়েস্তানগর- ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ |
| ৪ | যশাইকাটি-আটঘরা | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ২ |
| ৫ | যদুরহাটি দক্ষিণ | ১ | ০ | ০ | ১ | ০ | ১ | ৩ |
| ৬ | চাতরা | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ |
| ৭ | রঘুনাথপুর | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | ২ |
| | **মোট** | ৩ | ১ | ২ | ১ | ১ | ৬ | ১৪ |
| | | | | **বাদুড়িয়া পৌরসভা** | | | | |
| ৮ | ওয়ার্ড নং ৭ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| ৯ | ওয়ার্ড নং ১০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| ১০ | ওয়ার্ড নং ১১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| ১১ | ওয়ার্ড নং ১৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| ১২ | ওয়ার্ড নং ১৫ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ১ |
| | **মোট** | ২ | ০ | ০ | ১ | ০ | ২ | ৫ |

*(প্রার্থীকে কেবলমাত্র সংশ্লিষ্ট গ্রামপঞ্চায়েতের বাসিন্দা হতে হবে উপরোক্ত যে সমস্ত গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে যে সকল ক্যাটাগরীর প্রার্থীর শূন্য পদ উল্লিখিত আছে, কেবলমাত্র ঐ সকল গ্রাম পঞ্চায়েতের ঐ সকল ক্যাটাগরীর প্রার্থীর আবেদন গ্রহন করা হবে। অন্য কোন প্রকার আবেদন গ্রহন করা হবে না )*

| | | |
|---|---|---|
| ০২ | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা | তপশিলী জাতি,তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী, প্রতিবন্ধী সহ অসংরক্ষিত সকলের ক্ষেত্রেই নূন্যতম শিক্ষাগত যোগ্যতা অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে **অষ্টম শ্রেণী পাশ।** |
| ০৩ | বয়স ০১.০১.২০১৮ তারিখ | **১৮ থেকে ৪৫ বছর** |
| ০৪ | অবসর গ্রহণের বয়স | ৬৫ বছর |
| ০৫ | কার্যক্ষেত্রে ও নিযুক্তি তালিকা | গ্রামপঞ্চায়েত অঞ্চল / ওয়ার্ড ভিত্তিক |

| | | |
|---|---|---|
| ০৬ | সাম্মানিক ভাতা প্রতি মাসে | সকলের ক্ষেত্রে ১৫০০ (এক হাজার পাঁচশত ) টাকা । তৎসহ ১৮৫০(এক হাজার আটশত পঞ্চাশ) টাকা। |
| ০৭ | কাজের পরিধি | (১) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটি কম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্রে, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়।<br>(২) এলাকার প্রসূতি মা, গর্ভবতী মা, ০ মাস থেকে ৬ বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা, পরিপূরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে।<br>(৩) কেন্দ্রের কাজ দৈনিক ছয় ঘণ্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ।<br>(৪) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেওয়ার ব্যবস্থা করতে হয়। **কেন্দ্রের রান্নাকরা খাবার পরিবেশন করা, বাসন কোসন ধোওয়া মোছা, কেন্দ্র পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সব দায়িত্ব সহায়িকার।**<br>(৫) অঙ্গনওয়াড়ী কর্মীর অনুপস্থিতীতে সহায়িকাকে কর্মীর অন্যান্য কাজও করতে হয়। |
| ০৮ | প্রশিক্ষন | প্রশিক্ষন নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক |
| ০৯ | বাসিন্দা | যে গ্রাম পঞ্চায়েতে/ ওয়ার্ড এর শূণ্যপদ সেই পঞ্চায়েত /ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা হইতে হইবে। |
| ১০ | পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যক্রম | লিখিত পরীক্ষা-৯০ (নব্বই) নম্বর<br>১। মাতৃভাষায়১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেণী মান) -১৫ নম্বর<br>২। পাটিগণিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর<br>৩। *জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান* সম্পর্কিত বিষয় -১৫ নম্বর<br>৪। ইংরাজী ভাষা সম্পর্কে সাধারন এবং প্রাথমিক-জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি - ২০ নম্বর।<br>৪। সাধারণঞ্জান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর<br><br>এছাড়া মৌখিক পরীক্ষা-১০ নম্বরের। |
| ১১ | দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ | ১৩/০৭/২০১৮ ( বিকেল ৩ টে পর্যন্ত ) |
| ১২ | দরখাস্ত তোলার ও জমা দেওয়ার উপায় ও নিয়ম | বাদুড়িয়া শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে ১৮.০৬.২০১৮ থেকে ১৩.০৭.২০১৮ তারিখ পর্যন্ত দুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত যে কোন সরকরি কাজের দিনে **প্রার্থীর নাম, ঠিকানা, গ্রাম পঞ্চায়েতের নাম, ক্যাটেগরি এবং পদের নাম খামের উপরে উল্লেখ করিয়া জমা দিতে হবে**।এছাড়া ডাকযোগে উপরোক্ত ঠিকানায় ১৩.০৭.২০১৮ এর মধ্যে আবেদন পত্র পাঠানো যাবে, উল্লিখিত ডাক গোলযোগের কোন রকম দায় অফিসের নয় । কেবলমাত্র অফিস থেকে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে । |
| ১৩ | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র যথাসময়ে ডাক যোগে প্রেরণ করা হইবে। যে সমস্ত আবেদনকারিণী লিখিত পরীক্ষার প্রবেশ পত্র নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে পাইবেন না কেবলমাত্র সেই সমস্ত প্রার্থীকে বাদুড়িয়া শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ এবং অন্যান্য উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে । এই *প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হইবে , অন্য কোন অনুমোদিত ব্যক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ* পত্র ২৩/০৮/২০১৮ ও ২৪/০৮/২০১৮ তারিখ দুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত বিতরণ করা হবে। |
| ১৪ | **মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র** | লিখিত পরীক্ষায় সফল পরীক্ষার্থীণিকেই কেবলমাত্র ডাক যোগে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হইবে ।লিখিত পরীক্ষায় সফল যে সমস্ত আবেদনকারিনী নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র পাইবেন না , |

| | | |
|---|---|---|
| | | কেবলমাত্র সেই সমস্ত প্রার্থীকে বাদুড়িয়া শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ এবং অন্যান্য উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে ।এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হইবে , অন্য কোন অনুমোদিত ব্যাক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ পত্র বিতরণের তারিখ ও সময় সংক্রান্ত বিজ্ঞপ্তি বাদুড়িয়া শিশু বিকাশ প্রকল্প আধিকারীকের করণ হতে পরে প্রকাশিত হবে। |
| ১৫ | আবেদন পত্রে নমুনা | আবেদন পত্রের নমুনা অনুযায়ী ফুলস্ক্যাপ সাদা কাগজে স্বহস্তে লিখিত, টাইপ করে বা ছাপানো এবং অবশ্যই স্বাক্ষরিত হতে হবে।অন্যথায় আবেদন পত্র বাতিল হতে পারে । কেবলমাত্র অফিস থেকে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে । |
| ১৬ | প্রত্যয়ন | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শাংসাপত্রের প্রতিলিপি **স্ব-প্রত্যয়িত** হতে হবে। |
| ১৭ | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শাংসাপত্রের প্রতিলিপি | ১। **দুইটি** স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের **ছবি** (একটি খামে, অন্যটি দরখাস্তে),<br>২। **বয়সের প্রমাণপত্র** ( মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র/শাংসাপত্র /জন্মের সংশাপত্র ইত্যাদি ),<br>৩। **বাসস্থানের প্রমাণপত্র** ঃ রেশন কার্ড ও ভোটার আই.ডি. কার্ডের প্রত্যায়িত ফোটোকপি ।**তৎসহ** সংসদ, মন্ত্রী, বিধায়ক, ডি.এম., এ.ডি.এম, এস.ডি.ও, বি.ডি.ও পঞ্চায়েত সমিতির সভাপতি, পঞ্চায়েত প্রধান, পৌরসভার চেয়ারম্যান, পৌরসভার কাউন্সিলর কর্তৃক বজ্ঞিপ্তি প্রকাশের তারিখের পরের যে কোন তারিখে প্রদত্ত বাসস্থানের প্রমানপত্র **(যে কোন একটি)**।<br>৪। নূন্যতম **শিক্ষাগত যোগ্যতার** প্রমানপত্র।<br>৫। **তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অনগ্রসর জাতি** হলে সংরক্ষণের সুবিধা পাওয়ার ক্ষেত্রে কেবলমাত্র **সংশ্লিষ্ট সরকারী দপ্তর প্রদত্ত ও প্রত্যয়িত গ্রাহ্য হইবে।** |

## বিশেষ দ্রষ্টব্য ঃ-

১) এই নিয়োগ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের আদেশ নামা যথাক্রমে ২৮৮- এস ডব্লিউ , তারিখ- ২৫/০১/২০০৬ , ৯৫৩০-এস ডব্লিউ , তারিখ- ০৯/১১/২০১২, ৬০০৩-এস ডব্লিউ , তারিখ- ১৪/০৯/২০১২, ৭২-এস ডব্লিউ , তারিখ- ০৪/০১/২০১৩, ১১০৪-এস ডব্লিউ ,তারিখ- ২১/০৩/২০১৩ এবং ৩১০৪-এস ডব্লিউ ,তারিখ- ১৯/০৯/২০১৩ এবং ৪০৩৯-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ এবং ৪০৪০-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ অনুযায়ী সম্পাদিত হবে।
২) এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দিন বেলা ১১টা হইতে ৩টা অবধি শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে পাওয়া যাইবে।
৩) কোন তথ্য ভুল বা অসংগত দিলে, উপরোক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হইবে ও এ বিষয়ে কোন কারণ দর্শানো হইবে না।
৪) শুধুমাত্র নির্ভূল আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশপত্র পাওয়া যাইবে।
৫) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হইবে।
৬) জমা আবেদন পত্রে কোনও পরিবর্তনের অনুরোধ বিবেচিত হইবে না।
৭) পদে নিযুক্তির পরে যদি জানা যায় কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করেছিল তৎক্ষনাৎ সেই নিযুক্তি বাতিল হইবে।
৮) কোন পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না।

সুজয় ব্যানার্জী 11/06/2018

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বাদুড়িয়া সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**উত্তর ২৪ পরগনা**

স্মারক সংখ্যা-- ১৩৯/আই. সি. ডি./বাদু

তারিখ- ১১/০৬/২০১৮

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ অনুলিপি প্রেরণ করা হইল :-

১। যুগ্ম সচিব , নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ , পশ্চিমবঙ্গ সরকার , মহাকরণ , কলকাতা-৭০০০০১ ।

২। সমাজ কল্যাণ অধিকর্তা , পশ্চিমবঙ্গ সরকার , জুভেনাইল কোর্ট বিল্ডিং , সল্ট লেক সিটি , সেক্টর-১ , কলকাতা-৭০০০৬৪ ।

৩। তথ্য ও সম্প্রচার অধিকর্তা , পশ্চিমবঙ্গ সরকার , মহাকরণ , কলকাতা-৭০০০০১ , সংবাদপত্রে প্রকাশের অনুরোধ সহ ।

৪। জেলা সমাহর্তা, উত্তর ২৪ পরগণা।

৫। মাননীয় মহাকুমা শাসক বসিরহাট ., উত্তর ২৪ পরগণা , পশ্চিমবঙ্গ ।

৬। মাননীয় জেলা প্রকল্প আধিকারিক ( আই. সি. ডি. এস. ) , উত্তর ২৪ পরগণা , পশ্চিমবঙ্গ ।

৭। মাননীয় বিধায়ক , বাদুড়িয়া., উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ ।

৮। মাননীয় সভাপতি, বাদুড়িয়া পঞ্চায়েত সমিতি, উত্তর ২৪ পরগণা ।

৯। মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক , বাদুড়িয়া ব্লক, উত্তর ২৪ পরগণা ।

১০। মাননীয় বি. এম. ও. এইচ., বাদুড়িয়া ব্লক, উত্তর ২৪ পরগণা ।

১১। মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, বাদুড়িয়া থানা, উত্তর ২৪ পরগণা ।

১২। মাননীয় চেয়ারম্যান, বাদুড়িয়া পৌরসভা, উত্তর ২৪ পরগণা ।

১৩। মাননীয় ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, বাদুড়িয়া ব্লক, উত্তর ২৪ পরগণা ।

১৪-২০। মাননীয় প্রধান, -------------------------------------- গ্রাম পঞ্চায়েত, বাদুড়িয়া ব্লক, উত্তর ২৪ পরগণা ।

২১। অফিস নোটিস বোর্ড।

২২। অফিস কপি।

সুদেষ্ণা ব্যানার্জী 11/06/2018

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বাদুড়িয়া সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**উত্তর ২৪ পরগণা**

# আবেদন পত্র

| নিজ নামে স্বাক্ষরিত এক কপি পাসপোর্ট মাপের ছবি |
|---|

রেজিষ্ট্রার সিরিয়াল নং- ------------------------------ (অফিসের ব্যবহারের জন্য)

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বাদুড়িয়া. সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প , উত্তর ২৪ পরগনা

মহাশয় / মহাশয়া ,

আপনার করণ হইতে প্রকাশিত স্মারক সংখ্যা-- ,তারিখ- / /২০১৮, অনুযায়ী আমি বাদুড়িয়া. সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গণওয়াড়ী সহায়িকা পদের জন্য প্রার্থী হিসাবে আবেদন করছি । নিম্নে আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদত্ত হইল -

(১) নাম :-

(২) পিতা/স্বামীর নাম/মাতার নাম :-

(৩) পূর্ণ স্থায়ী বসবাসের ঠিকানা :- গ্রাম- পো:-
থানা- পিন নং-

মোবাইল নং - ........................................................................

(৪) যে গ্রাম পঞ্চায়েতের / ওয়ার্ড / মিউনিসিপ্যালিটি এর স্থায়ী বাসিন্দা তার নাম :-

(৫) জন্ম তারিখ :-

(৬) বয়স ( ০১/০১/২০১৮ এর নিরিখে ) :-

(৭) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা :-

(৮) জাতি (তপশিলী জাতি/উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেনী —কোন জাতি লিখুন ) :-

(৯) জাতীয়তা (Nationality) :-

(১০) প্রতিবন্ধী কিনা (হলে কি জাতীয় প্রতিবন্ধী ) :-

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- / তারিখ- / / ,আমি সম্পূর্ণ পড়িয়া ও অনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। উপরোক্ত সকল তথ্য / / তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভুল বা অসঙ্গত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহৃত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরূদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না। আমি আমার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা,বাসস্থান সম্পর্কে কোন মিথ্যা তথ্য লিপিবদ্ধ করিনি ।

তারিখ:-
স্থান :-

বিনীত

দরখাস্তের সহিত দাখিলীকৃত নথিপত্রের তালিকা :
১)
২)
৩)

------------------------------
(আবেদনকারিণীর পূর্ণ স্বাক্ষর)

বিঃদ্রঃ আবেদন পত্র জমা দেবার সময় অন্যান্য নথিপত্রের সঙ্গে নিজ নাম ও পূর্ণ ঠিকানা (পিন নং সহ) লেখা ৫(পাঁচ) টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম দিতে হবে ।

# পশ্চিমবঙ্গ সরকার

বাদুড়িয়া সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

গ্রাম + পোঃ - আঁধারমানিক, থানা - বাদুড়িয়া, জেলা - উঃ ২৪ পরগণা, পিন নং - ৭৪৩৪০১

E-mail address - baduriacdpo@gmail.com

## প্রবেশ পত্র

নিজ নামে স্বাক্ষরিত এক কপি পাসপোর্ট মাপের ছবি

রেজিষ্ট্রার সিরিয়াল নং ---------------------

(অফিসের ব্যবহারের জন্য)

রোল নং- --------------- (অফিসের ব্যবহারের জন্য)

অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের প্রার্থী হিসাবে আবেদন পত্রের ভিত্তিতে শ্রীমতী ---------------------------------------------------- ------------ কে শর্তস্বাপেক্ষে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য মনোনীত করা হয়েছে। আপনি আগামী ------------------------ তারিখে এই আসল প্রবেশ পত্র নিয়ে ------------------------------------------------------------ (অফিসের ব্যবহারের জন্য) পরীক্ষাকেন্দ্রে ---------------- টার (অফিসের ব্যবহারের জন্য) সময় উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে।

বিশেষ দ্রষ্টব্য : প্রবেশ পত্রে রোল নং ইংরাজী সংখ্যায় লেখা হয়েছে।
*প্রার্থীদের সকল ক্ষেত্রেই রোল নং ইংরাজীতে লিখতে অনুরোধ করা হচ্ছে।*

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
*বাদুড়িয়া সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প*
উত্তর ২৪ পরগনা

***

১) লিখিত পরীক্ষার ক্ষেত্রে শুধুমাত্র **আসল প্রবেশ পত্র, সচিত্র পরিচয়পত্র ও বল পেন** (নীল/ কালো কালির )আনিবেন ।
২) ক্যালকুলেটর, মোবাইল ফোন অথবা অন্য কোন কাগজপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা **যাইবে না**।
৩) লিখিত পরীক্ষায় **আসল প্রবেশ পত্র নিজ নিজ ফটো** লাগিয়ে আনিবেন, অন্যথায় পরীক্ষায় **অংশগ্রহণ করতে দেওয়া হবে না** ।
৪) পরীক্ষা কেন্দ্রে ১ ঘন্টা আগে এবং পরীক্ষা হলে পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট আগে পৌছাইতে হইবে ।
৫) কোনো অবস্থাতেই পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করা হইবে না ।
৬) পরীক্ষা শেষ হওয়ার পূর্বে কোনোমতেই পরীক্ষা কেন্দ্রের বাইরে আসিতে দেওয়া হইবে না ।
৭) পরীক্ষা চলাকালীন কেহ অবৈধ পথ অবলম্বন করিলে উত্তরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।
৮) পরীক্ষায় উপস্থিত হইবার জন্য গাড়ি ভাড়া বা রাহা খরচ পাওয়া যাইবে না ।